



গণবিজ্ঞপ্তি



সাম্প্রতিক সময়ে “পদ্মা সেতুর জন্য মাথা ও রক্ত লাগবে” এই সংক্রান্তে ছেলেধরা গুজব ছড়িয়ে গণপিটুনিতে হত্যার মাধ্যমে অস্থিতিশীল পরিবেশ রোধকল্পে সম্মানিত জনসাধারণকে নিশ্চিন্ত পরামর্শ গ্রহণের অনুরোধ করা হচ্ছে :

১. ছেলেধরা সংক্রান্তে গুজবে কান দিবেন না এবং গুজব ছড়িয়ে মানুষকে বিভ্রান্ত করবেন না।
২. আইন নিজের হাতে তুলে না নিয়ে সন্দেহভাজন ব্যক্তিকে আইন-শৃংখলা বাহিনীর কাছে সোপর্দ করুন।
৩. কোন ব্যক্তি/গোষ্ঠী যাতে অমূলক ঘটনায় গুজব সৃষ্টির মাধ্যমে জনগণকে বিভ্রান্ত করে আইন-শৃংখলা পরিস্থিতির অবনতি ঘটনাতে না পারে সে ব্যাপারে সতর্ক থাকুন।
৪. এলাকার জনপ্রতিনিধি, সুধীসমাজ, কমিউনিটি পুলিশিং এর প্রতিনিধিকে ঘরোয়া বৈঠকের মাধ্যমে ছেলেধরা সংক্রান্তে গুজবের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হচ্ছে।
৫. প্রতিটি মসজিদের ইমামকে গুজব ও বিভ্রান্তি সৃষ্টি রোধকল্পে বক্তব্য প্রদানের জন্য অনুরোধ করা হচ্ছে।
৬. ছুটির পরে ছাত্র ছাত্রীদের তাদের অভিভাবকদের মাধ্যমে স্কুল ত্যাগের বিষয়টি শিক্ষক ও শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারী কর্তৃক নিশ্চিত করার জন্য বলা যাচ্ছে।
৭. গুজব সংক্রান্তে কোন বিষয় ফেসবুকে শেয়ার করে ভাইরাল না করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
৮. মনে রাখবেন ফেসবুকে গুজব ছড়ানো এবং গণপিটুনির ঘটনা আমলে নিয়ে পুলিশ তদন্তে নেমেছে এবং জড়িতদের গ্রেফতার করা হচ্ছে।
৯. প্রয়োজনে রাজশাহী মহানগর পুলিশের সহায়তার জন্যঃ
*** মোবাঃ ০১৭১৩৩৭৩৩০৯ (অফিসার ইনচার্জ বোয়ালিয়া থানা) *** মোবাঃ ০১৭৬৯৬৯২৯২৪(অফিসার ইনচার্জ পবা থানা)
*** মোবাঃ ০১৭১৩৩৭৩৩১০(অফিসার ইনচার্জ রাজপাড়া থানা) *** মোবাঃ ০১৭৬৯৬৯২৯২৮(অফিসার ইনচার্জ দামকুড়া থানা)
*** মোবাঃ ০১৭১৩৩৭৩৩১৩(অফিসার ইনচার্জ মতিহার থানা) *** মোবাঃ ০১৭৬৯৬৯২৯৩২(অফিসার ইনচার্জ কর্ণহার থানা)
*** মোবাঃ ০১৭১৩৩৭৩৩১৪(অফিসার ইনচার্জ বোয়ালিয়া থানা) *** মোবাঃ ০১৭৬৯৬৯২৯৪০(অফিসার ইনচার্জ বেলপুকুর থানা)
*** মোবাঃ ০১৭৬৯৬৯২৯১৬(অফিসার ইনচার্জ চন্দ্রমা থানা) *** মোবাঃ ০১৭৬৯৬৯২৯৩৬(অফিসার ইনচার্জ কাটাখালী থানা)
*** মোবাঃ ০১৭৬৯৬৯২৯২০(অফিসার ইনচার্জ কাশিয়াডাঙ্গা থানা) *** মোবাঃ ০১৭৬৯৬৯২৯৪৪(অফিসার ইনচার্জ এয়ারপোর্ট থানা)
১০. আরএমপি পুলিশ কন্ট্রোল রুম ফোন নং-০৭২১-৭৬০১৭০, মোবাঃ ০১৭৬৯-৬৯০৫১৬ এবং ৯৯৯ (টোল ফ্রি) নম্বরে যোগাযোগ করুন।

গুজব ছড়াবেন না

আইন নিজের হাতে তুলে নিবেন না

রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
রাজশাহী মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স
পবাপাড়া, সপুরা, রাজশাহী-৬২০৩
www.rmp.gov.bd

আদেশ নং-

তারিখ : /০৭/২০১৯ খ্রিঃ।

প্রেস বিজ্ঞপ্তি

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি দেশের বিভিন্ন স্থানে “পদ্মা সেতুর জন্য মানুষের মাথা ও রক্ত লাগবে” এই গুজব কে কেন্দ্র করে ছেলেধরা সন্দেহে নিরীহ মানুষ হতাহতের ঘটনা ঘটছে। দেশের চলমান এই পরিস্থিতিতে এখন পর্যন্ত যে সমস্ত ঘটনার সৃষ্টি হয়েছে তা সম্পূর্ণ ভিত্তিহীন এবং প্রতিটি ঘটনাই ব্যক্তিগত আক্রোশ ও পারিবারিক কোন্দল এর ফলাফল সূতরাং এ ধরনের ভিত্তিহীন গুজবে আতঙ্কিত হবেন না এবং গুজব ছড়িয়ে মানুষকে বিভ্রান্ত করবেন না। যে কোন ধরনের গুজব ছড়ানো ও আইন নিজের হাতে তুলে নেওয়া দেশের প্রচলিত আইনের পরিপন্থি এবং গুরুতর দণ্ডনীয় অপরাধ। কোন বিষয়ে কাউকে সন্দেহজনক মনে হলে নিজের হাতে আইন তুলে না নিয়ে আইন-শৃংখলা বাহিনীকে জানানো এবং তথ্য দিয়ে পুলিশকে সহায়তা করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। জীবনের সর্বক্ষেত্রে মূল্যবোধ বর্জিত আবেগ পরিহার এবং সহানুভূতি সম্পন্ন বিবেকবোধ জাগ্রত করার পাশাপাশি সত্যসন্ধান ও সত্য প্রচারে নিজ নিজ অবস্থান থেকে সতর্ক ও দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানানো হচ্ছে। এই গুজব সংক্রান্তে সর্ব সাধারণকে সচেতন করতে এলাকার জনপ্রতিনিধি, সুধীসমাজ, কমিউনিটি পুলিশিং এর প্রতিনিধিকে ঘরোয়া বৈঠকের আয়োজন, মসজিদের ইমামকে বিভ্রান্তি সৃষ্টি রোধকল্পে বক্তব্য প্রদান, শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের স্কুল ছুটির পরে নিরাপদে স্কুল থেকে অভিভাবক তথা বাসায় ফেরা, ফেইসবুকে গুজব শেয়ার করে ভাইরাল না করার জন্য অনুরোধ করা হয়। গুজব ও গণপিটুনির ঘটনা আমলে নিয়ে পুলিশি তৎপরতা অব্যাহত আছে এবং জড়িতদের বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যবস্থা নেয়া হচ্ছে। যে কোন প্রয়োজনে স্থানীয় থানা পুলিশের সহযোগিতা নিন। আরএমপি পুলিশ কন্ট্রোল রুমে অবহিত করতে মোবাইল নং-০১৭৬৯-৬৯০৫১৬, টিএন্ডটি নং-০৭২১-৭৬০১৭০ অথবা জাতীয় জরুরী সেবা নং-৯৯৯ (টোল ফ্রি) নম্বরে যোগাযোগ করুন।

অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার(সদর)
রাজশাহী মহানগর পুলিশ, রাজশাহী।